भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000 पाँच हजार रुपये

Rs.5000 FIVE THOUSAND RUPEES

भारत

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL  J46401

Admissible under Kean Rule-81 ...............of the
and also u/s.................... duty
West Bengal L. R. Act 1936 duty
stamped Ex-noted from Samp
duty under the Indian Stam
Act 1899 as amended in 1884
Schedule 1A No.........................
Process Fees..........................
Paid in C.F.S.

Deficit Stamp Duty
of Rs........100...........
Has been Realised
vide Bank Draft No......
Dated.......5.1.0.. of S.B.I.......
...............Branch

মং ৮৪,৩০০(চুরাশি হাজার তিন শত) টাকা মাত্র পনমূল্যে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতাঃ- পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা

১০৫, এস. এন. ব্যানার্জী রোড, থানা-তালতলা,

কোলকাতা-৭০০ ০১৪।

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Behala, South 24 Parganas

ক্রমশ.....২

শ্রীমতী রাণীবালা পাড়ুই মহাশয়াদিগকে কেবলমাত্র ওয়ারিশান ও উত্তরাধিকার বিদ্যমান

রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ.....৩

**Government Of West Bengal**
**Office of the A. D. S. R. BEHALA**
**BEHALA**
**Endorsement For deed Number :I-10785 of :2008**
**(Serial No. 09109, 2007)**

## On 05/10/2007

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 924/- ,E = 7/- on:05/10/2007

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 100/- is paid, by the draft number 416785, Draft Date 05/01/2007 Bank Name STATE BANK OF INDIA, received on :05/10/2007.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 10.46 hrs on :05/10/2007,at the Office of the A. D. S. R. BEHALA by Sankar Halder,Executant.

**Executed by Attorney**

1. Execution By Sri Sankar Halder, son of Lt Jatindra Nath Halder ,Jote- Shibarampur Kolkata Dist - S-24-pgs ,Thana: Maheshtala,700141 By caste Hindu,by Profession :Service,as the constituted attorney of 1.Smt Sova Majumder is admitted by him.

Identified By Sukhlal Singh, son of Lt Dagru Singh 31/ C, Ho- Chi- Min Nagar Kolkata 700061 Thana: Behala, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Santi Kumar RoyChowdhury**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**

## On 11/09/2008

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 329000/-

Certified that the required stamp duty of this document is Rs 19750 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

924
100
5000
14660
2684
23,368 paid

[Santi Kumar RoyChowdhury]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Govt. of West Bengal



23,359/-

রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ .....৩

**Government Of West Bengal**
**Office of the A. D. S. R. BEHALA**
**BEHALA**
**Endorsement For deed Number :I-10785 of :2008**
**(Serial No. 09109, 2007)**

---

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 14660/- is paid, by the draft number 873381, Draft Date 09/09/2008 Bank Name STATE BANK OF INDIA, Park Street, received on :11/09/2008.

**Deficit Fees paid**

Deficit amount of Registration fees is realized under Article in rupees : A(1) = 2684/- on: 11/09/2008.

Name of the Registering officer :**Santi Kumar RoyChowdhury**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**

**[Santi Kumar RoyChowdhury]**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**
**OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**
**Govt. of West Bengal**

---




শ্রীমতী রাশিবালা পাড়ুই মহাশয়াদ্বয়কে কেবলমাত্র ওয়ারিশান ও উত্তরাধিকার বিদ্যমান
রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ .....৩

AN SHOWING IN R.S. DAG NO. 590 UNDER KHATIAN NO.
L.R. KHATIAN NO. AT MOUZA-CHAK JOT SHIBRAMPUR
J.L. NO. 25 WARD NO. 14 IN MAHESHTALA MUNICIPALITY
P.S. MAHESHTALA DISTRICT SOUTH 24-PARGANAS.
SCALE 1"=50'-0"

NAME OF PURCHASER
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105 S.N. BANERJEE ROAD
KOLKATA-700014.

SOLD AREA - 2 KA. 13 CH. 5 SFT.
MORE OR LESS.
SHOWN IN RED




DRAWN BY:-
A.K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATA MORE)
SOUTH 24-PARGANAS.

SIG. OF VENDORS.

রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ .....৩

*__Certificate of Registration under section 60 and Rule 69.__*

**Registered in Book - I**
**CD Volume number 27**
**Page from 7559 to 7573**
**being No 10785 for the year 2008.**

**(Santi Kumar RoyChowdhury) 11-September-2008**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**
**Office of the A. D. S. R. BEHALA**
**West Bengal**

শ্রীমতী রাণীবালা পাড়ুই মহাশয়াদ্বয়কে কেবলমাত্র ওয়ারিশান ও উত্তরাধিকার বিদ্যমান রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ .....৩

<u>কোবালা দাত্রীঃ-</u> **শ্রীমতী শোভা মজুমদার,** স্বামী শ্রী ব্যোমকেশ মজুমদার,
জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী,
সাকিন -২২নং সত্যেন রায় রোড,
থানা-বেহালা কোলকাতা-৭০০ ০৩৪,
জেলা-দক্ষিণ ২৪ পরগনা।

পক্ষে নিযুক্ত আমমোক্তার

**শ্রী শঙ্কর হালদার,** পিতা-মৃত যতীন্দ্রনাথ হালদার,
জাতি-হিন্দু, নাগরিক- ভারতীয়, পেশা-চাকুরী,
সাং-যোত শিবরামপুর, থানা-মহেশতলা,
কোলকাতা-৭০০ ১৪১, জেলা-দক্ষিণ ২৪ পরগণা।

কস্য হাল রায়তঃ দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় স্থানীয় বাংলা মাপে কমবেশী ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট, বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা মায় যাতায়াতের সর্ব্বপ্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ণ নিদ্দায় নির্দোষ অবস্থায় বিক্রয়যোগ্য উত্তম স্বত্বের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলার অন্তর্গত, অত্র জেলা কালেকটরীর ৬৫ নং তৌজি ভুক্ত, ১৪ নং ওয়ার্ডের মহেশতলা মিউনিসিপ্যালিটির অধীন, দক্ষিণ ২৪ পরগনা আলিপুর জেলা কালেকটারীর ৬৫ নং তৌজি ভুক্ত, জে. এল. নং ২৫, রে. সা. নং -৭৫ $^{৩}/_{৪}$, মৌজা-চক্ যোত শিবরামপুর গ্রামে ১০১ নং খতিয়ানে লিখিত মোট ২.২৯ শতক জমির কাত বার্ষিক ৭ টাকা ৯ আনা ৩ পাই করের জমিজমা জনৈক শশীমুখী দাসীর খাস স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং তিনি উহার একক ষোলো আনা মালিক স্বরূপে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্বিবাদে ভোগদখল করিতে থাকাবস্থায় বিগত রিভিসন্যাল জরীপের পূর্বেই দুই কন্যা যথাক্রমে শ্রীমতী পানুবালা পাড়ুই ও শ্রীমতী রাণীবালা পাড়ুই মহাশয়াদ্বয়কে কেবলমাত্র ওয়ারিশান ও উত্তরাধিকার বিদ্যমান রাখিয়া এবং অপর কোন ওয়ারিশান না রাখিয়া ও কোন উইলাদি না রাখিয়া পরলোক

ক্রমশ .....৩

গমন করিলে উক্ত দুই ভগ্নী তাহাদের মাতার ত্যক্ত সম্পত্তি ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া যৌথভাবে মালিক, স্বত্ববতী ও দখলকারিনী হইয়া একত্রে, এজমালে উহা ভোগদখল করিতে থাকেন। এমত অবস্থায় উক্ত খতিয়ানে লিখিত ৫৯০ নং দাগের ৬২ শতক শালি জমিজমা সহ উক্ত চক্ যোত শিবরামপুর মৌজার ২৬৪ নং দাগের ২৮ শতক জমির উত্তরাংশ হইতে ১২ শতক একুনে মোট ৭৪ শতক জমিজমা বিগত ইংরাজী ১৯৬১ সালে মোকাম বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ভল্যুম নং ৬৪, পৃষ্ঠা ১৮৬ হইতে ১৮৯, এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল নম্বর ৪৬২২ এককেতা কোবালা দ্বারা উপরোক্ত দুই ভগিণী একযোগ জনৈক নবকুমার হালদার ওরফে জয়দেব হালদার মহাশয়কে উহা বিক্রয় করতঃ বিক্রীত জমিজমা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন।

অতঃপর উক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদার তাহার খরিদা জমিজমার খোলসা খাস দখল গ্রহন করিয়া নিজ নাম পত্তন করতঃ ধার্য্য খাজনাদি আদায় দিয়া একক নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকাকালীন উক্ত চক্যোত শিবরামপুর মৌজায় ১০১ নং খতিয়ানে লিখিত ৫৯০ নং দাগের ৬২ শতক শালি জমিজমা জনৈক পাঁচু গোপাল নস্কর ও শ্রী সুরেন্দ্র নস্কর মহাশয়দ্বয়ের নামে বিগত ইংরাজী ১৯৬০ সালের ১০ই এপ্রিল তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১, ভল্যুম নং ৬২, পৃষ্ঠা ৮৫ হইতে ৮৬, কোবালা দলিল নম্বর ২৭১৬ নং রেজিষ্ট্রী করিয়া দেন।

তৎপর বিগত ইংরাজী ১৯৬৮ সালের ১৭ই জুন তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১, ভল্যুম নং ৭৭, পাতা ২৫৬ ২৫৮, এককেতা নাদাব্য দলিল যাহার নম্বর ৩৯৯৮ । উক্ত সম্পত্তি পূর্বোক্ত পাঁচুগোপাল নস্কর দিকর একযোগে পূর্বোক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদার মহাশয়ের নাম বরাবর রিলিজ বা নাদাবী করিয়া দেন এবং তৎপর উক্ত সম্পত্তি উক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদার খাস খোলসা দখল গ্রহন করিয়া খাসদখল করিতে থাকেন।

ক্রমশ .....৪

অতঃপর উক্ত নবকুমার হালদার ওরপে জয়দেব হালদার মহাশয়ের নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় তিনি বিগত ইংরাজী ১৯৬৮ সালে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১, ভল্যুম নং ৭১, পৃষ্ঠা ২৯০ হইতে ২৯৩, এককেতা কোবালা দলিল যাহার নম্বর ৪০৩৪ দ্বারা উক্ত ১০১ নং খতিয়ানের ৫৯০ নং দাগের ৬২ শতক জমিজমা জনৈক ফনীভূষণ মণ্ডল মহাশয়কে বিক্রয়করতঃ বিক্রীত জমিজমা হইতে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন এবং উক্ত ফনী ভূষণ মণ্ডল মহাশয় উহার স্বত্ব দখলাদি গ্রহন পূর্ব্বক অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে খাসে ভোগদখল করিতে থাকেন।

প্রকাশ থাকে যে, উক্ত ফনী ভূষণ মণ্ডল পূর্বোক্ত রেজিষ্ট্রী কালে এককেতা একরার নাম দলিল উক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদারের নাম বরাবর সম্পাদন করিয়া অঙ্গীকার করেন যে, যদি পনের টাকা একত্রে দেয় তবে তিনি উক্ত জমিজমা পূর্বোক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদারকে ফেরৎ দিবেন।

এমতবস্থায় বিগত ইংরাজী ২৪শে মার্চ ১৯৭২ তারিখে উক্ত একরার নামার শর্ত্তানুসারে ফনীভূষণ মণ্ডল তাহার প্রকৃত প্রদত্ত পণ মূল্যের সমুদায় টাকা উক্ত নবকুমার হালদার ওরফে জয়দেব হালদারের নিকট হইতে গ্রহন করিয়া তাহার নাম বরাবর এককেতা কোবালা দলিল দ্বারা উক্ত সম্পত্তি ফেরৎ দেন। উক্ত কোবালা খানি মোকাম বেহালা রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১, ভল্যুম নং ১৪, পৃষ্ঠা ২৪৬ হইতে ২৪৯, কোবালা দলিল যাহার নম্বর ১০৮৩ মূলে চুড়ান্তরূপে লিপিবদ্ধ আছে ও হইতেছে।

এরূপে নবকুমার হালদার ওরফে জয়দেব হালদার পূর্বোক্ত জমিজমা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ করাইয়া লইয়া নিজে খাসে রাখিয়া নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকাকালীন তাহার পুনরায় নগদ টাকার আবশ্যক হওয়ায় তিনি বিগত ইংরাজী ১৯শে জুন ১৯৭২ তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বহি নং ১,ভল্যুম নং ৫৯, পৃষ্ঠা ৮২ হইতে ৮৮, এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার নম্বর ২৫২২ দ্বারা উক্ত ১০১ নং খতিয়ানের ৫৯০ নং দাগের ৬২ শতক শালি জমিজমা

ক্রমশ .....৫

জনৈকা শ্রীমতী রাজলক্ষ্মী বিশ্বাস, স্বামী শ্রী নরেন্দ্র বিশ্বাস মহাশয়াকে বিক্রয় করতঃ বিক্রীত জমিজমা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন।

এরূপে উক্ত শ্রীমতী রাজলক্ষ্মী বিশ্বাস তাহার খরিদা জমিজমায় একক ষোলো আনা রকম নিব্যূঢ় স্বত্বে মালিক ও দখলীকারিনী হইয়া তাহার নিজ নাম পত্তন করিয়া উহার খাজনাদি আদায় দিতে থাকাকালীন ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিভিন্ন ব্যক্তিকে ভিন্ন ভিন্ন কোবালা দলিল দ্বারা বিক্রয় করিয়া উক্ত ১০১ নং খতিয়ানের ৫৯০ নং দাগের ৬২ শতক জমিজমার মধ্যে স্থানীয় মাপে কমবেশী ৪(চার) কাঠা ০(শূন্য) ছটাক ০(শূন্য) বর্গফুট শালি জমিজমা বিগত ইংরাজী ১৯৮৩ সালে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ভল্যুম নং ১০০, পৃষ্ঠা ১৭৯ হইতে ১৮৬, কোবালা দলিল যাহার নম্বর ৪০৯৫ দলিল মূলে ৫/১, জি, বাগমারী রোড, কোলকাতা-৭০০ ০৫৪, নিবাসী স্বর্গীয় গিরিশ চন্দ্র সাহা মহাশয়ের পুত্র শ্রী প্রিয়ব্রত সাহা মহাশয়কে বিক্রয় করিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রীমতী রাজলক্ষ্মী বিশ্বাস চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

অতঃপর শ্রী প্রিয়ব্রত সাহা মহাশয় উক্ত জমিজমা খরিদ করিয়া সরকার নিদ্ধারিত ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া ভোগদখল করিতে থাকাবস্থায় তাহার নগদ অর্থের একান্ত আবশ্যকে উক্ত স্থানীয় মাপে কমবেশী ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা বিক্রয় করিবার ঘোষণা করিলে সাকিন ২২নং সত্যেন রায় রোড, থানা-বেহালা কোলকাতা-৭০০ ০৩৪, জেলা-দক্ষিণ ২৪ পরগনা নিবাসী শ্রীমতী শোভা মজুমদার অত্র কোবালা দাত্রী তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে খরিদ করিয়া উহাতে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে খাসে ভোগদখল করতঃ ষোলো আনা অংশের মালিক স্বত্বাধিকারী হইতেছি ও আছি। উক্ত সম্পত্তির উত্তম বিক্রয় যোগ্য স্বত্ব আমার বর্তমান বিদ্যমান আছে।

আরোও প্রকাশ থাকে যে, অত্র কোবালা দাত্রী বিগত ইংরাজী

তারিখে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি কমবেশী ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ)

ক্রমশ .....৬

বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা নিজ স্বত্ব প্রচারে খাসে ভোগবতী ও দখলকারিনী থাকাকালীন সাকিম- যোত শিবরামপুর, থানা-মহেশতলা, কোলকাতা-৭০০ ১৪১, জেলা-দক্ষিণ ২৪ পরগণা নিবাসী শ্রী শঙ্কর হালদার মহাশয়কে বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ২০০৭ সালের বুক নং- ৪, ৬২২ নং আমমোক্তার নামা দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া উক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষন সহ চুক্তি বিক্রয় কোবালা দলিল সম্পাদন ও রেজিষ্ট্রীকরনের প্রভৃতি যাবতীয় ক্ষমতা প্রদান করি।

অতঃপর নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত কমবেশী ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা যাহা ১০১ নং খতিয়ানে ৫৯০ নং দাগ ভুক্ত হইতেছে তাহা অত্র গ্রহীতা উক্ত জমিজমা খরিদ করিবার মানসে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেণ্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে/পন মূল্যে সর্ব্বমোট ৮৪,৩০০(চুরাশি হাজার তিন শত) টাকা মাত্র প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরোজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রীত সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদানপূর্ব্বক বিক্রয়, বিলি, বণ্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মাণের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত

ক্রমশ .....৭

ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, লভ্য সম্পর্কাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল। যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালত কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভেলপমেণ্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকবদ্ধ হয় নাই বা উহার উপর কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহিতা অর্থাৎ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার সার্চাদি করিয়া লইয়াছেন।

তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী দণ্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতিপূরণ সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

ক্রমশ .....৮

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমূদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরোও প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাত্রী ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আপনার খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নক্সায় **"লাল"** রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের টাকা স্বাক্ষীগনের সম্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্ণরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ৫ই অক্টোবর মোতাবেক বাংলা ১৪১৪ সালের ১৭ই আশ্বিন।

## তপশীল বিক্রীতসম্পত্তির পরিচয়

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলার অন্তর্গত, অত্র জেলা কালেকটরীর ৬৫ নং তৌজি ভূক্ত, ১৪ নং ওয়ার্ডের মহেশতলা মিউনিসিপ্যালিটির অধীন মৌজা- চক্ যোত শিবরামপুর, জে. এল. নং ২৫, রে. সা. নং ৭৫ $^{৩}/_{৪}$, উক্ত মৌজার ১০১ নং খতিয়ান ভূক্ত, ৫৯০ নং দাগে কমবেশী ৪(চার) কাঠা শালি জমিজমার মধ্যে কমবেশী ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা অত্র বিক্রীত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা টাকা বর্তমানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগনা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যাণ্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

ক্রমশ .....৯

## তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ-

অত্র বিক্রীত ২(দুই) কাঠা ১৩(তের) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বা ২.৮১ কাঠা পরিমিত শালি জমিজমা

উত্তর ঃ- ৫৮৯ নং দাগের জমিজমা।

দক্ষিণ ঃ- ৫৯০ নং দাগের অবশিষ্ট অংশ ।

পূর্বঃ - ৫৯০ দাগের জমিজমা।

পশ্চিম ঃ- ৫৯০ নং দাগের জমিজমা।

## টাকার জায়

অদ্য তারিখে আমি অত্র দাত্রী উপরোক্ত গ্রহীতার নিকট হইতে উপরিল্লিখিত তপশীল সম্পত্তির মোট পণ মূল্য হিসাবে ৮৪,৩০০(চুরাশি হাজার তিন শত) টাকা নিম্নলিখিত ভাবে বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম।

| চেক নং | তারিখ | ব্যাঙ্ক | টাকা পরিমান |
|---|---|---|---|
| ০০০০৯৭ | ০৩/১০/২০০৭ | এইচ.ডি. এফ.সি. সেন্ট্রাল প্লাজা, কোলকাতা-২০ | ৮৪,৩০০ |
| | | মোট | ৮৪,৩০০ টাকা |

(মং চুরাশি হাজার তিন শত টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

**ইসাদী ঃ-**

১।

২। Asit Baran Khatua
Alipore Judges Court
Kol-27.

কোবালা দাত্রীর স্বাক্ষর



মুসাবিদাকারক ঃ-
Timir Baran Khatua,
তিমির বরন খাটুয়া
এ্যাডভোকেট
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

কম্পিউটার প্রিন্ট ঃ-
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature ..............................

|  | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand |  |  |  |  |  |
| | right hand |  |  |  |  |  |

Name ..................................

Signature ..[illegible]

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature ..............................